

কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা – WHS আইনের অধীনে দায়িত্ব

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও সুরক্ষা আইন (Work Health and Safety laws)-গুলোর মডেল কর্মক্ষেত্রে মানুষজনের স্বাস্থ্য, সুরক্ষা এবং কল্যাণের যত্ন নেওয়ার জন্য নিয়োগকর্তাদের বাধ্য করে। এতে অন্তর্ভুক্ত হচ্ছেঃ

- স্বাস্থ্য ও সুরক্ষার জন্য ঝুঁকিবিহীন কাজের পরিবেশ সরবরাহ এবং বজায় রাখা
- কর্মীদের কল্যাণ এবং তাদের কাজ সম্পাদনের জন্য পর্যাপ্ত এবং অ্যাক্সেসযোগ্য সুবিধা সরবরাহ, এবং
- অসুস্থতা বা আঘাত প্রতিরোধে কর্মীদের স্বাস্থ্য এবং কর্মক্ষেত্রের অবস্থা পর্যবেক্ষণ করা।

কর্মীদের প্রতি কর্তব্য

আপনার কর্মীদের স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিত করার দায়িত্ব আপনার। আপনাকে অবশ্যই COVID-19-এ সংক্রমণের ঝুঁকি দূর করতে হবে, বা যদি এটি সম্ভব না হয়, আপনার যতটা সম্ভব ঝুঁকি হ্রাস করতে হবে।

কর্মীদের COVID-19 এর সংক্রমণের ঝুঁকি থেকে রক্ষা করার জন্য, উদাহরণস্বরূপ:

- বাড়ি থেকে কাজ করার ব্যবস্থা বাস্তবায়ন করুন
- কর্মীদের শারীরিক দূরত্ব এবং ভাল স্বাস্থ্যবিধি অনুশীলন করতে বাধ্য করুন
- অসুস্থ অবস্থায় কর্মীদের ঘরে থাকতে বাধ্য করুন, এবং
- কর্মক্ষেত্র নিয়মিতভাবে এবং পুঙ্খানুপুঙ্খরূপে পরিষ্কার করুন।

কর্মক্ষেত্রে অন্যান্য ব্যক্তিদের প্রতি কর্তব্য

আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার ব্যবসায়ের কাজ গ্রাহক, ক্লায়েন্ট এবং দর্শনার্থীর মতো অন্যান্য ব্যক্তিদের স্বাস্থ্য এবং সুরক্ষা ঝুঁকিতে ফেলবে না।

অন্যদের COVID-19 এর সংস্পর্শে যাওয়ার ঝুঁকি থেকে রক্ষা করার জন্য, উদাহরণস্বরূপ, তাদের নিম্নোক্ত ব্যাপারে বাধ্য করুনঃ

- শারীরিক দূরত্ব অনুশীলন, কন্টাক্টলেস ডেলিভারি এবং পেমেন্ট সহ
- ভাল স্বাস্থ্যবিধি অনুশীলন, এবং
- কর্মক্ষেত্র থেকে দূরে থাকতে বলুন, অপরিহার্য না হলে

কর্মক্ষেত্র এবং সুযোগ-সুযোগগুলো বহাল রাখার দায়িত্ব

কাজের পরিবেশ শ্রমিক এবং অন্যদের COVID-19-এ আক্রান্ত করার ঝুঁকিতে ফেলবে না তা নিশ্চিত করার জন্য আপনাকে অবশ্যই আপনার কর্মক্ষেত্র বহাল রাখতে হবে।

নিরাপদ কাজের পরিবেশ বজায় রাখুন, উদাহরণস্বরূপঃ

- কর্মক্ষেত্রটি নিয়মিতভাবে এবং পুঙ্খানুপুঙ্খরূপে পরিষ্কার করে
- শারীরিক দূরত্ব বজায় রাখতে কর্মক্ষেত্রের নকশা পরিবর্তন করে, এবং
- কর্মক্ষেত্রে মানুষের সংখ্যা সীমাবদ্ধ করে।

আপনার কর্মক্ষেত্রে আপনাকে অবশ্যই নিম্নোক্ত ব্যবস্থাগুলো সহ পর্যাপ্ত সুযোগ-সুবিধা সরবরাহ করতে হবেঃ

- সাবান, পানি এবং কাগজের তোয়ালে সহ হাত ধোয়ার সুবিধা
- হ্যান্ড স্যানিটাইজার, যেখানে কর্মীদের পক্ষে তাদের হাত ধোয়া সম্ভব নয়, এবং
- পরিষ্কার এবং শারীরিক দূরত্ব প্রদান করে এমন স্টাফ রুম।

সুযোগ-সুবিধাগুলো ব্যবহার করার জন্য, বিশেষত হাত ধোয়ার জন্য, কর্মীদের নিয়মিত বিরতি দিন।

তথ্য, প্রশিক্ষণ, নির্দেশনা এবং তদারকি প্রদানের দায়িত্ব

আপনাকে আপনার কর্মীদের অবশ্যই তথ্য বা প্রশিক্ষণ সরবরাহ করতে হবে যা তাদের কর্মক্ষেত্র থেকে COVID-19 এর ঝুঁকি থেকে রক্ষা করতে প্রয়োজনীয়।

এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারেঃ

- সঠিকভাবে হাত ধোয়া উপর গাইডেন্স
- যেকোনও প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম কীভাবে পরিধান এবং ব্যবহার করতে হয় সে সম্পর্কে প্রশিক্ষণ
- কীভাবে এবং কখন পরিষ্কার করতে হবে তার প্রশিক্ষণ
- বাড়িতে নিরাপদ কর্মক্ষেত্র স্থাপনের নির্দেশাবলী, এবং
- অসুস্থ হলে কর্মক্ষেত্র থেকে বাড়িতে থাকার নির্দেশাবলী।

পরামর্শ করার কর্তব্য

আপনাকে অবশ্যই COVID-19 সম্পর্কিত স্বাস্থ্য এবং সুরক্ষার বিষয়ে কর্মীদের সাথে পরামর্শ করতে হবে এবং কর্মীদের মতামত এবং উদ্বেগ প্রকাশ করার সুযোগ দিতে হবে। তাদের মতামত গুরুত্বের সাথে গ্রহণ করুন এবং পরামর্শের ফলাফল কর্মীদের জানান।

কর্মীদের সাথে পরামর্শ করুন যখন আপনিঃ

- রিস্ক অ্যাসেসমেন্ট করছেন
- ঝুঁকি ব্যবস্থাপনার জন্য নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্পর্কে সিদ্ধান্ত নিচ্ছেন, যেমন বাড়ি থেকে কাজ করার ব্যবস্থা শুরু করা, বা শারীরিক দূরত্ব নিশ্চিত করার জন্য কর্মক্ষেত্র সীমাবদ্ধকরণ
- কর্মক্ষেত্রের সুযোগ-সুবিধা সম্পর্কে সিদ্ধান্ত নিচ্ছেন, এবং
- অন্যান্য পরিবর্তন প্রস্তাব করছেন যা কর্মীদের স্বাস্থ্য এবং সুরক্ষাকে প্রভাবিত করতে পারে।

আপনাকে অবশ্যই সম্মতভাবে নেয়া যে কোনও পরামর্শ পদ্ধতি অনুসরণ করতে হবে। যদি স্বাস্থ্য এবং সুরক্ষা প্রতিনিধি থেকে থাকেন তবে আপনাকে অবশ্যই তাঁদেরকে পরামর্শের সাথে অন্তর্ভুক্ত করতে হবে।

আরও তথ্য

COVID-19 এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্য এবং সুরক্ষা সম্পর্কে আরও তথ্যের জন্য [সেফ ওয়ার্ক অস্ট্রেলিয়া ওয়েবসাইট](#)-এ যান।